

তারিখ: ১৮/০৮/২০২০ খ্রীঃ

### বিজ্ঞপ্তি

সেন্ট প্লাসিডস স্কুল এন্ড কলেজের পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করবেন। ইতিমধ্যে সেন্ট প্লাসিডস স্কুল এন্ড কলেজে গুগোল ক্লাশরুম ও গুগোল মিট এর মধ্যদিয়ে প্রত্যহিক রুটিন মাফিক অনলাইন ক্লাশ নেওয়া হচ্ছে। এতে অনেক শিক্ষার্থী ও অভিভাবকগণ উপকৃত হচ্ছেন। কিছু অভিভাবকগণ প্রাথমিক পর্যায়ের সমস্যা মোকাবেলা করছেন। শিক্ষকগণ ও শিক্ষার্থীবৃন্দ যে অনলাইন ক্লাশ দিচ্ছেন ও পাচ্ছে তা রেকর্ড করার লিংক আমরা সংযোজন করছি। আশা করছি রেকর্ডেড অনলাইন ক্লাশ যে কোন সময়ে সহজেই ব্যবহার করতে পারবেন ও সকল সমস্যার সমাধান হবে। কিভাবে ক্লাশ রেকর্ড করবেন- বিদ্যালয়ের ফেসবুক গ্রুপ st.placid's school and college (Black Board) এ সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়েছে। ভিডিওটি অবশ্যই ভালো ভাবে দেখবেন এতে করে আপনাদের সমস্যা সমূহ সিংহভাগ সমাধান হয়ে যাবে।

উক্ত ভিডিওটি শুধু লেপটপ ব্যবহারকারীদের জন্য প্রযোজ্য। মোবাইল ফোনে ক্লাশ রেকর্ড করার জন্য google play store/app store থেকে যে কোন স্ক্রীন রেকর্ডারের মাধ্যমে ডাউনলোড করা যাবে।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেন্ট প্লাসিডস স্কুল এন্ড কলেজের নামে বিকাশ মার্চেন্ট একাউন্ট 01813413131 খোলা হয়েছে। প্রতিষ্ঠানের ওয়েব সাইটে ([www.stplacid.edu.bd](http://www.stplacid.edu.bd)) এবং st.placid's school and college (Black Board) এ সমস্ত নির্দেশনা নোটিশ আকারে দেওয়া হয়েছে। অভিভাবকগণ বিকাশ মার্চেন্ট নাম্বারে সকল নির্দেশনা অনুস্মরণ করে শিক্ষার্থীদের বেতন পরিশোধ করতে পারবেন। তাছাড়া অফিসেও বেতন পরিশোধ করা যাবে।

আগামী ২৩-২৪/০৮/২০২০ খ্রীঃ মূল্যায়ণ ও অর্ধবার্ষিকী পরীক্ষার উত্তরপত্র গ্রহণ করা হবে। শিক্ষার্থী বা অভিভাবক এসে নিজ নিজ ক্লাশরুমে সকাল ৮:৩০ মিনিট থেকে ১০:৪৫ মিনিট পর্যন্ত উত্তরপত্র জমা দিতে পারবেন।

২৩/০৮/২০২০ রোজ রবিবার (১ম - ৩য় শ্রেণি ৮:৩০-৯:৩০, ৪র্থ-৬ষ্ঠ শ্রেণি ৯:৪৫-১০:৪৫ সকাল)

২৪/০৮/২০২০ রোজ সোমবার (৭ম-৮ম শ্রেণি ৮:৩০-৯:৩০, ৯ম-১০ম শ্রেণি ৯:৪৫-১০:৪৫ সকাল)

আগামী কাল থেকে ৯ম শ্রেণির অনলাইন রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ৯:০০ ঘটিকা থেকে। তাই যথা সময়ে সকল শিক্ষার্থীদের স্কুল ড্রেস ও জেএসসি পরীক্ষার প্রবেশপত্র সহ যথা সময়ে বিদ্যালয়ে উপস্থিত থাকতে বলা হচ্ছে। শিক্ষার্থীদের অবশ্যই সামাজিক দূরত্ব ও মাস্ক পরিধান করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার দিয়ে বা সাবান দিয়ে হাত দূয়ে বিদ্যালয়ে প্রবেশ করতে হবে।

সার্বিক সহযোগিতার জন্য আপনাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

ধন্যবাদান্তে

  
অধ্যক্ষ